




সত্যের পথে তথ্যের সাথে

OUR ISLAM 24.com
সংবাদ • মতামত • বিশ্লেষণ

June 3, 2020, [bangla_day], [hijri_date],



Search ...



বালাগঞ্জ বাসমাহ'র খাদ্য সামগ্রী বিতরণ

📅 Jun 3, 2020 / 05:25pm

বালাগঞ্জ (সিলেট) প্রতিনিধি: বাংলাদেশ আমেরিকান সোসাইটি অব মুসলিম এইড ফর হিউম্যানিটি (বাসমাহ) ইউএস'র অর্থায়নে, বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশের উদ্যোগে ও বাসমাহ ভলান্টিয়ার টিম বালাগঞ্জের ব্যবস্থাপনায় করোনায় কর্মহীন হয়ে পড়া হতদরিদ্র দুইশত পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে বালাগঞ্জ আলহেরা আইডিয়াল একাডেমী প্রাঙ্গনে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

বাসমাহ স্বেচ্ছাসেবী টিম বালাগঞ্জের টিম লিডার হুসাইন আহমদ মিসবাহর সঞ্চলনায় খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বালাগঞ্জ উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান মাওলানা সৈয়দ আলী আছগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বালাগঞ্জ সদর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান এম এ মতিন, বালাগঞ্জ সদর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল মুনিম।

বালাগঞ্জ বাসমাহ স্বেচ্ছাসেবী টিমের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাংবাদিক আবুল কাশেম অফিক, মাওলানা মিসবাহ উদ্দিন মিসলু, গিয়াস উদ্দিন নোমান, আব্দুর রশিদ মেস্বার, আব্দুল মুক্তাদির লায়েক, মাওলানা মনিরুল ইসলাম, কবি মীম হুসাইন, মাওলানা হুসাইন আহমদ আওলাদ, সাংবাদিক জাগির হোসেন জাকির, সাংবাদিক তারেক আহমদ, আব্দুর রহমান শাকিল প্রমুখ।

-এএ

◀ 248

◀ বনানী বিটিসিএল জামিআ মুহাম্মা...

ad

টার্মিনাল-বাসযাত্রা হতে পারে সংক্র...

RELATED POSTS

**রাসুলগণও ভুল করেছেন সেই জায়গায় আমরাতো
মানুষ: ক্রাউন প্রিন্স**

[Read Next Story >](#)